# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 25 June, 2025

যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার নাসার কেনেডি স্পেস সেন্টারের লঞ্চ কমপ্লেক্স ৩৯এ থেকে মহাকাশের উদ্দেশ্যে সফলভাবে উৎক্ষেপণ করা হয়েছে স্পেসএক্সের ফ্যালকন ৯ রকেট।এতে ভারতীয় বিমান বাহিনীর পাইলট গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লা চার সদস্যের ক্রুর সঙ্গে মহাকাশযান ক্রু ড্রাগনে চড়েছেন।

১৯৬৯ সালের অ্যাপোলো ১১ মিশনের নীল আর্মস্ট্রং যেখান থেকে চাঁদের উদ্দেশ্যে যাত্রা করেছিলেন, ঠিক সেই লঞ্চপ্যাড থেকেই এই মিশন শুরু হলো।১৯৮৪ সালে সোভিয়েত মিশনের অংশ হিসেবে মহাকাশ ভ্রমণ করা উইং কমান্ডার রাকেশ শর্মার পরে শুভাংশু শুক্লা হলেন দ্বিতীয় ভারতীয় মহাকাশচারী।

অ্যাক্সিওম মিশন-৪ এর অন্যান্য সদস্যরা হলেন পোল্যান্ডের স্লাওস উজানানস্কি-উইজনিভস্কি, হাঙ্গেরির টিবোর কাপু, এবং মার্কিন যুক্তরাষ্ট্রের কমান্ডার পেগি হুইটসন।

মিশনটি দুই সপ্তাহ স্থায়ী হবে এবং তারা ৬০টি বৈজ্ঞানিক পরীক্ষা-নিরীক্ষা পরিচালনা করবেন, যার মধ্যে সাতটি ভারতীয় গবেষকদের প্রস্তাবিত।আগামী ২৬ জুন বিকেল ৪:৩০ মিনিটে তারা আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে নোঙ্গর করবেন।

এই মিশনের জন্য গ্রুপ ক্যাপ্টেন শুক্লা মহাকাশ থেকে একজন ভিআইপির সাথে যোগাযোগ করবেন।আবহাওয়া ও কারিগরি সমস্যার কারণে উৎক্ষেপণ একাধিকবার বিলম্বিত হলেও ২৫ জুন সফল উৎক্ষেপণ সম্পন্ন হলো।

নাসা মহাকাশযান ফ্যালকন ৯ রকেট ক্যাপ্টেন শুক্লা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:11

URL: https://www.timestodaybd.com/public/international/3693775807